

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। মধুর মর্ম জেনে হীরামন, শ্রীগুরু পাদপদ্ম বনে থাকে অনুক্ষণে।
দশরথ মৃত্যুঞ্জয় লোচন, মধুপান করে প্রফুল্ল মনে ॥
- ৫। গোঁসাই গোলোকচাঁদ সেই মধুর মহাজন,
দয়াল মহানন্দ ঘরে ঘরে করছে বিতরণ ॥
স্বামী তারকচাঁদের এই আকিঞ্চন, অশ্বিনী মত্ত হও মধুপানে ॥

৫২ নং তাল-গড়খেমটা

- এবার সুখ হ'ল না বসত ক'রে নবরত্নের ঘরে।
ঘরে কাল কামিনী, দিন রজনী, চিস্তানলে দগ্ধ করে ॥
- ১। তিন গুরু ঐক্য হ'য়ে অষ্টাদশ রস মিশা'য়ে,
সাধের এক ঘর গড়াইয়ে দিয়েছে ঠিক করে।
ও তার দুই খুটিরপর পাড়েম সারা তিন গুণেতে বন্ধন করে ॥
- ২। শ্রীগুরুর অপার কীর্তি, মটকার পর দুটি বাতি,
জ্বলতেছে দিবারাতি জগৎ আলো করে।
সাড়ে চব্বিশ চন্দ্র বন্দে বন্দে, রয়েছে ঘরের ভিতরে ॥
- ৩। বাম দক্ষিণে রবি সোম, ক্ষিতি-অপ-তেজ-মুরৎ-ব্যোম,
পঞ্চতত্ত্বে পুরে দোম, রেখেছে মন্দিরে।
ও তার আগম নিগম জানলে পরে,
আব্রহ্ম ভেদ করতে পারে ॥
- ৪। শ্রীগুরু যত্ন করে, অমূল্য রত্ন পুরে,
রেখেছে সাধের ঘরে, সাত তালার উপরে।
এমন অমূল্য ধন থাকতে ঘরে, ভক্তি রতন কিনলি নায়ে ॥
- ৫। ডেকে কয় মহানন্দ, ছেড়ে দে চিত্ত সন্দ,
অশ্বিনী অঞ্জনাঙ্গ, বলব কি আর তোরে।
আমার হরিচাঁদ এ ঘরের মালেক, দেখলিনা রূপ নেহার করে ॥

* প্রত্যহ শ্রীশ্রীহরিলীলামৃত গ্রন্থ পাঠ করুন।